

লক্ষ্য ও উদ্দেশ্য

রূপকল্প (Vision):

দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে মানবসংগঠন সৃষ্টি, অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন, বহুমাত্রিক প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি, পুঁজিগঠন ও নবসম্পদ সৃজন, সামাজিক বৈষম্যের অবসান ও নারীর ক্ষমতায়নের মাধ্যমে নারী-পুরুষের সমঅধিকার নিশ্চিতকরণ।

অভিলক্ষ্য (Mission):

- দরিদ্র ও অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠী কে নিয়ে নতুন মানব সংগঠন সৃজন এবং সামাজিক বিনির্মাণ (Social Reconstruction);
- নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে সংগঠনের সদস্যদের মানস-কাঠামোর পরিবর্তন;
- বিভিন্ন আয়-উৎসারী, বৃত্তিমূলক ও প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে সদস্যদের সক্ষমতার উন্নয়ন;
- প্রতিষ্ঠানের সকল কার্যক্রমেনারীর প্রতি অনুকূল দৃষ্টিভঙ্গি পোষণ ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ইতিবাচক কার্যক্রম (Affirmative Action) গ্রহণ;
- সংগঠিত দরিদ্র ও অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠী কেউ জীবিকা আহরণে ঋণ সহায়তা প্রদান;
- উদ্যোক্তা উদ্দীপনের লক্ষ্যে 'ক্ষুদ্র উদ্যোক্তা' ও 'নারী উদ্যোক্তা' ঋণ কার্যক্রম পরিচালনা;
- ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্প প্রসারণে 'কোভিড প্রণোদনা ঋণ' কর্মসূচি পরিচালনা;
- পল্লী বিপণী সৃজনের মাধ্যমে গ্রামীণ পণ্যের বিপণন কেন্দ্র স্থাপন ও বিপণন সংযোগ বিস্তৃতকরণ;
- কৃষিতে নতুন পদ্ধতি ও প্রযুক্তি প্রবর্তন, নতুন কৃষি পণ্যের প্রসার, উৎপাদন বৃদ্ধি ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি হ্রাসের লক্ষ্যে অভিঘাত-সহনশীল প্রয়াস গ্রহণের জন্য 'কৃষিজীবিকায়ন ঋণ' কর্মসূচি পরিচালনা;
- অভিঘাত-সহনশীল নিরাপদ আবাসনের জন্য সহজ শর্তে আবাসন ঋণ পরিকল্প প্রবর্তন;
- বিভিন্ন সঞ্চয় পরিকল্পের মাধ্যমে সুফলভোগীদের সাপ্তাহিক ও মাস ভিত্তিক সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা (Thrift Development), পুঁজিগঠন, বিনিয়োগ, সঞ্চয়ের পরিবৃদ্ধি এবং নিজস্ব সম্পদ সৃজন;
- বিভিন্ন সরকারি/বেসরকারি জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে বহুমাত্রিক পল্লী উন্নয়ন প্রয়াস গ্রহণ ও বাস্তবায়ন;
- পল্লীর বিপন্ন মানুষের জীবন মান উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং সুস্থায়ী উন্নয়নের ধারাবাহিকতা নিশ্চিতকরণ; এবং
- নতুন প্রজন্মের ক্ষুদ্রঋণ ও সঞ্চয় প্রয়াসের অনুষ্ণ হিসেবে গ্রামীণ দরিদ্রের জন্য কর্মসূজন, শিক্ষার সুযোগ প্রসারণ, স্বাস্থ্য সুবিধা ব্যাপকতর করা, নবায়ন যোগ্য জ্বালানীর মাধ্যমে পল্লীজনপদ আলোকিতকরণ এবং আনুষঙ্গিক অন্যান্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের কর্মপরিসর বিস্তৃতকরণ।